দৈনিক বাংলা

তারিখ ... ২৭. ৯. ৮১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

17



জালাল আহমদ মির্জা

# ভাল ফলের জন্য পড়ার সঙ্গে লেখার চর্চাও দরকার ঃ জালাল

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা শিক্ষা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় সাধারণ বিজ্ঞান বিভাগে মেধা তালিকার শীর্ষ স্থানটি জয় করে নিয়েছে জালাল আহমেদ মির্জা। মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র জালাল ছয়টি বিষয়ে লেটার নম্বর পেয়েছে। তার প্রাপ্ত মোট নম্বর

(শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## ভাল ফলের জন্য পড়ার

(প্রথম পৃঃ পর)

হচ্ছে ৮৮৭।

শিক্ষা জীবনের শুরু থেকে মেধাবী ছাত্র জালাল আহমেদ গতকাল ফল প্রকাশের পর সাংবাদিকদের জানায় ঃ তার প্রত্যাশা ছিল মেধা তালিকায় প্রথম তিনজনের মধ্যে তার নাম থাকবে। প্রথম হয়ে তাই সে খুব খুশী। সে আরও বেশী খুশী হয়েছে কয়েক বছর বিরতির পর তাদের কলেজ পরীক্ষার ফলাফলে আগের গৌরব ফিরে পাওয়ায়।

জালাল মনে করে ক্লাসরুমের পড়ায় মনোযোগী হওয়ার পাশাপাশি লেখার চর্চা সমানভাবে করলেই ভাল ফল করা সম্ভব। জালাল ভবিষ্যতে এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার হতে চায়। আবাহনী টীমের ভক্ত জালাল কলেজ টীমে নিয়মিত ফুটবল খেলে থাকে। জালালের হবি হচ্ছে ডাক-টিকেট সংগ্রহ ও গল্পের বই পড়া।

জালাল আহমেদ মির্জার বাবা এ টি এম শফিউল্লাহ একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। মা মিসেস নূরজাহান বেগম গৃহবধূ। জালালরা দুই, ভাই দুই বোন।

গতকাল সন্ধ্যায় মিরপুরের রাইন-খোলার বাসায় জালাল যখন সাংবাদিকদের সঙ্গে কথা বলছিল তখন পাশে বসা ছিল তার বাবা ও মা। সন্তানের কৃতিত্বে তারা খুব খুশী।